

কানাডার ঢাকা বিশ্ববিদ্যালয় ফোরামের সাধারণসভা ও নির্বাচন অনুষ্ঠিত
আব্দুল হালিম মিয়া সভাপতি ও শহিদুল ইসলাম মিন্টু সাধারণ সম্পাদক



কানাডায় বসবাসরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটদের সংগঠন ঢাকা বিশ্ববিদ্যালয় ফোরামের সাধারণ সভা গত ৩০ জানুয়ারি সন্ধ্যা ৭টায় জেরার্ড-ভিক্টোরিয়া পার্ক সংলগ্ন কফি টাইমে অনুষ্ঠিত হয়। সংগঠনের বিদায়ী সভাপতি গোলাম মোহাম্মদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় আগামী দুই বছরের জন্যে আব্দুল হালিম মিয়া সভাপতি ও শহিদুল ইসলাম মিন্টু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক খুব শীঘ্রই পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করবেন।

সভার শুরুতে বিগত দুই বছরের কার্যক্রমের উপর ভিত্তি করে সাবেক সাধারণ সম্পাদক আব্দুল হালিম মিয়া তার রিপোর্ট পেশ করেন। এরপর সাধারণ আলোচনায় অংশ নেন ব্যারিষ্টার কামরুল হাফিজ, ড. মাহবুব আলম বাদল, ফিরোজুর রহমান, আব্দুল হালিম মিয়া, ড. আব্দুল মতিন, আবুল কালাম আজাদ, আনোয়ারুল কবীর, আনজুমান আরা রোজী, এ কে আজাদ, ইশতিয়াক উদ্দীন আহমেদ, মহিবুল ইসলাম, শহিদুল ইসলাম মিন্টু প্রমুখ। উপস্থিত সদস্যদের কর্তৃক সাধারণ সম্পাদকের রিপোর্টটি পাশ হয়। বিগত দিনের কার্যক্রম সফলভাবে পরিচালনা করার জন্যে সভাপতি গোলাম মোহাম্মদ ও সাধারণ সম্পাদক আব্দুল হালিম মিয়াকে উপস্থিত সদস্যরা সাধুবাদ জানান। এরপর নির্বাচন কমিশনার আবুল কালাম আজাদ নির্বাচনী কার্যক্রম শুরু করেন। প্রতিষ্ঠাতা সভাপতি ব্যারিষ্টার কামরুল হাফিজ এই সময় সংগঠনের বিগত দিনের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং নতুন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক পদে যথাক্রমে আব্দুল হালিম মিয়া ও শহিদুল ইসলাম মিন্টুর নাম প্রস্তাব করেন। এই প্রস্তাবের উপর বেশ ক'জন আলোচনায় অংশ নেন। নির্বাচন কমিশনার বিষয়টি সরাসরি ভোটে দেন এবং আব্দুল হালিম মিয়াকে সভাপতি ও শহিদুল ইসলাম মিন্টুকে সাধারণ সম্পাদক ঘোষণা করেন। উপস্থিত সদস্যরা করতালি দিয়ে নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদককে অভিনন্দন জানান। বিদায়ী সভাপতি গোলাম মোহাম্মদ নবনির্বাচিত সভাপতির কাছে সংগঠনের দায়িত্ব আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন। বিদায়ী সভাপতি নবনির্বাচিত কমিটির ব্যাপারে আশাবাদ ব্যক্ত করে সমাপনী বক্তব্য রাখেন। সভাশেষে সবাই নৈশভোজে অংশ নেন।

(শহীদুল ইসলাম মিন্টু, টরন্টো, কানাডা)